# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

বিষয় কোড : ১ ৪ ১

সময় — ২ ঘন্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶

সুযোগ ব্যয়
মানুষ দেওয়া-নেওয়া করে
মানুষ প্রান্তিক পর্যায়ে চিন্তা করে
বাণিজ্যে সবাই উপকৃত হয়
উৎসাহে মানুষ সাড়া দেয়

ক. 'Oikonomia' শব্দের অর্থ কী? ১

খ. সম্পদের দুষ্পাপ্যতা বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে অর্থনীতির কী প্রকাশ পেয়েছে- সংক্ষেপে এর স্বরূপ উপস্থান করো। ৩

ঘ. 'উপযুক্ত বিষয়টি অর্থনৈতিক কার্যাবলিতে গতি আনে'- তুমি কি বিষয়টির সাথে একমত? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

২. ▶

| প্রতি একক দ্রব্যের দাম (টাকায়) | চাহিদার পরিমাণ (একক) |
|---|---|
| ১২ | ২ |
| ১০ | ৩ |
| ৮ | ৪ |
| ৬ | ৫ |

Teachingbd.com

ক. চাহিদার স্থিতিস্থাপকতা সূত্রটি লিখ। ১

খ. 'বিশেষ অভাব সসীম' ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. উপরের সূচি থেকে চাহিদা রেখা অঙ্কন করো। ৩

ঘ. সুচি থেকে প্রাপ্ত চাহিদা রেখাটির গতি প্রকৃতি বিশ্লেষণ করো। ৪

৩. ▶

| উপকরণ |
|---|
| কাঠ |
| সুতা |
| আটা |
| প্রাকৃতিক গ্যাস |
| চুনাপাথর |

http://teachingbd.com

ক. উৎপাদনের উপকরণ কয়টি? ১

খ. 'ভূমি প্রকৃতির দান'- বুঝিয়ে লিখ। ২

গ. উপরিউক্ত উপকরণগুলো থেকে সৃষ্ট দ্রব্যের তালিকা তৈরি করো। ৩

ঘ. উদ্দীপকের উপকরণগুলো থেকে রূপগত উপযোগের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৪. ▶ রেজা সাহেব দেশের একজন নীতি নির্ধারক। তিনি নতুন একটি কাজ পেয়েছেন জাতীয় আয় পরিমাপ করার। তিনি তার দীর্ঘ অভিজ্ঞতা থেকে দেখেছেন যে জাতীয় আয় পরিমাপ করার বেশ কিছু পদ্ধতি রয়েছে। তিনি এখন চিন্তা করছেন তিনি কোন পদ্ধতি অবলম্বন করবেন।

ক. মাথাপিছু আয় কী? ১

খ. নিট জাতীয় উৎপাদন বলতে কী বুঝ? ২

গ. রেজা সাহেবের জাতীয় আয় পরিমাপের ব্যয়যোগ্য আয় কতটুকু গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. জাতীয় আয় পরিমাপের কোন পদ্ধতিটি সর্বোৎকৃষ্ট বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

৫. ▶ আধুনিক যুগে ব্যাংক ব্যবস্থা খুবই জনপ্রিয়। বিশ্বের প্রত্যেক দেশেই ব্যাংক ব্যবস্থা চালু আছে। বাংলাদেশেও বিভিন্ন ধরনের ব্যাংক রয়েছে। ব্যাংক আমানত গ্রহণ করে ৩০% ঋণ প্রদান করে। প্রত্যেক দেশেই তার কেন্দ্রীয় ব্যাংক সকল ব্যাংককে নিয়ন্ত্রণ করে। বাংলাদেশেও কেন্দ্রীয় ব্যাংক রয়েছে।

ক. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংক বলতে কী বুঝায়? ২

গ. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে ঋণ নিয়ন্ত্রণ ও সর্বশেষ ঋণদাতা হিসেবে কাজ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৬. ▶ শফিকের বাবা একজন কৃষক। তিনি এ বছর বাংলাদেশ সরকারের কাছ থেকে কৃষি ঋণ পেয়েছেন। ফলে তিনি তার জমিতে আগের চেয়ে ভালোভাবে ফসল ফলিয়েছেন। ঋণ দানের পাশাপাশি সরকারি লোকজন তার কাজ তদারকও করছে এবং সরাসরি সেই ফসল কিনে নিয়েছে। ফলে তিনি মজুদদারের হাত থেকে রক্ষাও পেয়েছেন।

ক. বাংলাদেশের অর্থনীতির প্রধান খাত কয়টি? ১

খ. শিল্পখাত বলতে কী বোঝায়? ২

http://teachingbd.com

গ. শফিকের বাবা যে খাতে কাজ করে- সেটির গুরুত্ব ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের বর্ণিত দেশটির অর্থনীতির তিনটি খাত বিশ্লেষণ করো। ৪

৭.▶রনি সদ্য মাস্টার্স পাস করা একজন বেকার যুবক। সে শীঘ্রই তার কর্মজীবন শুরু করতে চায়। তবে সে অনেক উৎকণ্ঠার সাথে লক্ষ করছে যে, চাকরি পাওয়া অনেক কষ্টসাধ্য। তার যোগ্যতা ও কাজ করার ইচ্ছা থাকলেও সে কাজ পাচ্ছে না।

ক. মানব সম্পদ কী? ১

খ. বেকারত্ব বলতে কী বুঝ? ২

গ. রনির বর্তমান অবস্থার প্রকৃতি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে রনির বর্তমান অবস্থা থেকে উত্তরণের উপায় সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৮.▶নিচে একটি কাল্পনিক বাজেট দেয়া হলো, অর্থবছর ২০১৫-১৬।

| আয় (হাজার কোটি টাকায়) | | ব্যয় (হাজার কোটি টাকায়) | |
|---|---|---|---|
| বাণিজ্য শুল্ক | ৫০ | প্রতিরক্ষা | ৫০ |
| মূল্য সংযোজন কর | ৪০ | বেসামরিক প্রশাসন | ৩০ |
| আয় কর | ৫০ | শিক্ষা | ৫০ |
| রেজিস্ট্রেশন | ২০ | অপ্রত্যাশিত ব্যয় | ৩০ |

ক. বাজেট কী? ১

খ. রাজস্ব বাজেট কী? ব্যাখ্যা করো। ২

গ. উপর্যুক্ত বাজেট কী ধরনের-ব্যাখ্যা করো। ৩

ঘ. উপর্যুক্ত বাজেটের কোন খাতটিতে অধিক পরিমাণে ব্যয় বরাদ্দ করা উচিত? তা যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৯.▶শেখর একজন ব্যাংকার। সে সর্বদা দেশকে নিয়ে ভাবে এবং দেশের উন্নয়নে কাজ করতে চায়। একজন ব্যাংকার হিসেবে সে সহজেই বুঝতে পারে যে, বাংলাদেশের অর্থনীতির পথে বাধাসমূহ কী কী? সে ভাবে কীভাবে এগুলো দূর করা যায়?

ক. অর্থনৈতিক উন্নয়ন কাকে বলে? ১

খ. বেকারত্ব বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত শেখর যে দেশে বাস করে সে দেশের বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. শেখরের দেশের অর্থনৈতিক উন্নয়নের পথে বাধাসমূহ কী কী? তোমার মতামত দাও। ৪

Teachingbd.com

## অর্থনীতি : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০  বিষয় কোড : ১ ৪ ১

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. গ্রিক সভ্যতার বিখ্যাত দুই চিন্তাবিদ—**
(ক) প্লেটো ও সক্রেটিস
(খ) প্লেটো ও এরিস্টটল
(গ) প্লেটো ও আলেকজান্ডার
(ঘ) সক্রেটিস ও আলেকজান্ডার

**২. সঞ্চয়ের নিরাপদ মাধ্যম—**
(ক) ব্যাংক হিসাব (খ) অর্থ
(গ) বন্ড (ঘ) শেয়ার


**৩. ধনতান্ত্রিক অর্থ ব্যবস্থার প্রথম প্রচলন হয় কোথায়?**
(ক) আমেরিকায় (খ) ইউরোপে
(গ) এশিয়ায় (ঘ) অস্ট্রেলিয়ায়

**৪. "একটি দেশ গরিব কারণ সে দেশ দরিদ্র" উক্তিটি কে করেছেন?**
(ক) কার্ল মার্কস (খ) ডেভিড রিকার্ডো
(গ) আলফ্রেড মার্শাল (ঘ) র‍্যাগনার নার্কস

**৫. কোনটি মূলধন বাজেটের অন্তর্ভুক্ত?**
(ক) শিক্ষা (খ) স্বাস্থ্য
(গ) প্রতিরক্ষা (ঘ) রাস্তা-ঘাট নির্মাণ

**৬. সমবায় ব্যাংকে সরকারের মালিকানা কত?**
(ক) ১০% (খ) ১২%
(গ) ১৪% (ঘ) ১৬%

**নিচের চিত্রটি লক্ষ কর এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:**




**৭. চিত্রটি কী নির্দেশ করছে?**
(ক) বাজার যোগান রেখা (খ) বাজার চাহিদা রেখা
(গ) ভারসাম্য দাম (ঘ) দাম নির্ধারণ

**৮. R বিন্দুতে—**
i. চাহিদা = যোগান
ii. চাহিদা > যোগান
iii. যোগান > চাহিদা

**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**৯. কোনটি সম্পদের বৈশিষ্ট্য নয়?**
(ক) উপযোগ (খ) প্রাচুর্য
(গ) বাহ্যিকতা (ঘ) হস্তান্তরযোগ্যতা

**১০. GDP-এর নির্ধারক হলো—**
i. ভূমি
ii. ঋণের সুদ
iii. প্রাকৃতিক সম্পদ

**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও:**
আরমান তার সঞ্চিত অর্থ একটি আর্থিক প্রতিষ্ঠানে জমা রাখে। বছর শেষে সে তার জমাকৃত অর্থ অতিরিক্ত অর্থসহ উত্তোলন করে।

**১১. আরমানের লেনদেনকৃত আর্থিক প্রতিষ্ঠানের নাম কী?**
(ক) বাংলাদেশ ব্যাংক (খ) সোনালী ব্যাংক
(গ) সমবায় ব্যাংক (ঘ) গ্রামীণ ব্যাংক

**১২. দেশের অর্থনীতিতে উক্ত প্রতিষ্ঠানের অবদান হচ্ছে—**
i. পুঁজি গঠন করা
ii. মুদ্রার মান সংরক্ষণ
iii. অর্থনৈতিক উন্নয়ন সাধন

**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১৩. বাংলাদেশ সরকারের আয়ের উৎস কয়টি?**
(ক) ২টি (খ) ৩টি
(গ) ৪টি (ঘ) ৫টি

**১৪. জাতীয় আয়ের শতকরা কতভাগ কৃষি থেকে আসে?**
(ক) ১৬ ভাগ (খ) ১৯ ভাগ
(গ) ২১ ভাগ (ঘ) ২৫ ভাগ

**১৫. এইচএসবিসি ব্যাংক কোন ধরনের ব্যাংক?**
(ক) বাণিজ্যিক ব্যাংক (খ) বিনিময় ব্যাংক
(গ) সঞ্চয়ী ব্যাংক (ঘ) সমবায় ব্যাংক

**১৬. রং তৈরিতে ব্যবহৃত হয়—**
(ক) চীনামাটি (খ) চুনাপাথর
(গ) গন্ধক (ঘ) সিলিকাবালু

**নিচের অনুচ্ছেটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:**
জলিল সাহেব একটি সুতার কারখানা স্থাপন করেন। তিনি উৎপাদনের সকল পর্যায়ে তদারকি করে থাকেন।

**১৭. উৎপাদন ব্যবস্থায় জলিল সাহেবকে কী বলা হয়?**
(ক) ভূমি (খ) শ্রম
(গ) মূলধন (ঘ) সংগঠক

**১৮. উক্ত কারখানার সামগ্রিক উন্নয়নে জলিল সাহেব ভূমিকা রাখে—**
i. পরিকল্পনা প্রণয়নে
ii. শ্রমিকের দক্ষতা বৃদ্ধিতে
iii. ঝুঁকি বহনে

**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১৯. অসম বাজেট কত প্রকার?**
(ক) ৫ প্রকার (খ) ৪ প্রকার
(গ) ৩ প্রকার (ঘ) ২ প্রকার

**২০. মাছ, শাকসবজি এবং দুধের বাজারকে কোন শ্রেণির বাজার বলে?**
(ক) অতি স্বল্পকালীন (খ) স্বল্পকালীন
(গ) অতি দীর্ঘকালীন (ঘ) দীর্ঘকালীন

Teachingbd.com

http://teachingbd.com

২১. হোসিয়ারি কোন ধরনের শিল্প?
ক) বৃহৎ শিল্প　খ) মাঝারি শিল্প
গ) ক্ষুদ্র শিল্প　ঘ) কুটির শিল্প


২২. কোন অর্থনৈতিক ব্যবস্থায় ব্যক্তিগত মালিকানা থাকে না?
ক) ধনতান্ত্রিক　খ) মিশ্র
গ) সমাজতান্ত্রিক　ঘ) ইসলামি

২৩. বাংলাদেশের মোট রপ্তানি আয়ের কতভাগ এসেছে কৃষি থেকে?
ক) ৫.৪৪ শতাংশ　খ) ৬.৪৪ শতাংশ
গ) ৭.৪৪ শতাংশ　ঘ) ৮.৪৪ শতাংশ

২৪. বাতাস সম্পদ নয় কারণ—
ক) অদৃশ্যমান বলে　খ) বিনিময় মূল্য কম বলে
গ) বিনিময় মূল্য বেশি বলে　ঘ) অফুরন্ত যোগানের কারণে

২৫. কোনটি অপ্রকাশ্য ব্যয়?
ক) বাড়ি ভাড়া　খ) মূলধনের সুদ
গ) বেতন　ঘ) কারখানা স্থাপন

নিচের চিত্রটি লক্ষ কর এবং ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও:




২৬. চিত্রে E ও F বিন্দুর মাধ্যমে তুলে ধরা হয়েছে—
ক) দাম ও যোগানের সম্পর্ক
খ) দাম ও উপযোগের সম্পর্ক
গ) দাম ও চাহিদার সম্পর্ক
ঘ) দাম ও বাজারের সম্পর্ক

২৭. উক্ত বিধিতে অন্যান্য অবস্থা বলতে বোঝায়—
i. ক্রেতার রুচি, অভ্যাস ও পছন্দ অপরিবর্তিত
ii. ক্রেতার আয় ও বিকল্প দ্রব্যের দাম অপরিবর্তিত
iii. নিজস্ব দাম অপরিবর্তিত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২৮. বাংলাদেশের সর্ববৃহৎ বেসরকারি সংস্থা কোনটি?
ক) ব্র্যাক　খ) আশা
গ) প্রশিকা　ঘ) টিএমএসএস

২৯. কোন বাজারে অসংখ্য ক্রেতা ও বিক্রেতা সমজাতীয় দ্রব্য কেনাবেচা করে?
ক) মনোপলি বাজারে
খ) একচেটিয়া বাজারে
গ) পূর্ণ প্রতিযোগিতা বাজারে
ঘ) ডুয়োপলি বাজারে

৩০. এডাম স্মিথের "The Wealth of Nation" গ্রন্থটি প্রকাশিত হয়—
ক) ১৭৭০ সালে　খ) ১৭৭৩ সালে
গ) ১৭৭৫ সালে　ঘ) ১৭৭৬ সালে

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩১ ও ৩২নং প্রশ্নের উত্তর দাও:
রহিমার একটি সেলাই মেশিন আছে। সংসারের আয় বৃদ্ধির জন্য সে ব্যাংক থেকে ঋণ নিয় আরো দুটি নতুন মেশিন ক্রয় করল।

৩১. নতুন মেশিন ক্রয়কে অর্থনীতিতে কী বলে?
ক) সঞ্চয়　খ) মূলধন
গ) সুযোগ ব্যয়　ঘ) বিনিয়োগ

৩২. উদ্দীপকের শেষোক্ত কাজের মাধ্যমে—
i. পারিবারিক নিরাপত্তা বাড়বে
ii. সন্তানের প্রতি দায়িত্ব বাড়বে
iii. কর্মসংস্থান বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

৩৩. প্রাকৃতিক ও মানবিক সম্পদ কাজে লাগিয়ে যে সম্পদ সৃষ্টি হয় তাকে কী বলে?
ক) সমষ্টিগত সম্পদ　খ) জাতীয় সম্পদ
গ) উৎপাদিত সম্পদ　ঘ) আন্তর্জাতিক সম্পদ

৩৪. শিল্পখাতের অন্তর্ভুক্ত হলো—
i. খাদ্যশস্য
ii. খনিজ সম্পদ
iii. প্রাকৃতিক গ্যাস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

৩৫. কোন সময়ে 'বাণিজ্যিক' এর প্রসার ঘটে?
ক) ১৫৯০-১৭৮০ সালে　খ) ১৬৯০-১৭৮০ সালে
গ) ১৭৮০-১৯৯০ সালে　ঘ) ১৮৯০-১৯৯০ সালে

৩৬. চাহিদা বিধি কার্যকর হয় যখন আয়—
ক) বাড়ে　খ) কমে
গ) হ্রাস বৃদ্ধি হয়　ঘ) স্থির থাকে

৩৭. 'Vendors Agreement' স্বাক্ষরিত হয় কবে?
ক) ৩১ ডিসেম্বর, ২০০৯　খ) ৩১ ডিসেম্বর, ২০০৭
গ) ৩১শে ডিসেম্বর ১৯১৭　ঘ) ৩১শে ডিসেম্বর ১৯৭২

৩৮. মাথাপিছু আয় নির্ভর করে—
i. জনসংখ্যার উপর
ii. সঞ্চয়ের উপর
iii. আয়ের উপর
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

৩৯. "অর্থনীতি মানব জীবনের সাধারণ কার্যাবলি আলোচনা করে" সংজ্ঞাটির প্রবক্তা কে?
ক) এডাম স্মিথ　খ) অধ্যাপক মার্শাল
গ) ডেভিড রিকার্ডো　ঘ) এল রবিন্স

৪০. দিয়াশলাই, ঔষুধ, চিনি প্রভৃতি দ্রব্যের উপর ধার্য করা হয়—
ক) সম্পূরক শুল্ক　খ) মাদক শুল্ক
গ) আমদানি শুল্ক　ঘ) আবগারি শুল্ক

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক |
| ২১ | খ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | ঘ |

http://teachingbd.com